

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-বি-১৬৪/২০১১/প্রশাসন/৭৬৮৩

তারিখ: ২০-০১-২০১৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের অধীনস্থ রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম. নং	পদের নাম ও বেতনস্কেল/২০১৫	পদ সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১.	বৈজ্ঞানিক কর্মকর্তা টা: ২২০০০-৫৩০৬০/-	২০ (বিশ)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞান বিষয়ে অনূন ২য় শ্রেণীর স্নাতক বা বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী।
২.	বৈজ্ঞানিক কর্মকর্তা (পোস্টগ্রাজুয়েট/মুদ্র টেকনোলজি) টা: ২২০০০-৫৩০৬০/-	০২ (দুই)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মুদ্র ইঞ্জিনিয়ারিং বিষয়ে অনূন ২য় শ্রেণীর স্নাতক।

২। আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত **চাকরির আবেদন ফরম** এ আবেদন করতে হবে। চাকরির আবেদন ফরমটি www.bari.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৩। আবেদনপত্রের সাথে (ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) সম্প্রতি ভোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ৪(চার) কপি রঙিন ছবি (ঘ) নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও স্থায়ী নিবাস সনদপত্র জমা দিতে হবে। সকল সনদপত্রের ফটোকপি, ছবি ও অন্যান্য কাগজপত্র (যদি থাকে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবীসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে। সাক্ষাৎকারের সময় সকল মূল সনদপত্র পেশ করতে হবে।

৪। সরকারি নিয়োগ বিধি অনুসারে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা)। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা কোটাত্মক আবেদনকারীকে নিম্নবর্ণিত ছক পূরণ পূর্বক এতদসংক্রান্ত প্রামাণিক দলিলাদির কপি আবেদনপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

ছক

মুক্তি যোদ্ধার নাম	পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তি বাতী নম্বর	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সকল নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বন্দুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার শান্তি মন্ত্রণালয় দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতামাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার ন্যূনতম সনদভুক্ত গ্রহণসনদ	মহাব্যা/জাতীয়তাবাদী তালিকার খনি থাকে নম্বর ও কপি
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে তাঁদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রয়োজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সনদপত্র, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সফলিট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। পরবর্তীতে এতদসংক্রান্ত সনদপত্র দাখিল করা হলে তা গ্রহণযোগ্য হবে না।


৬। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭। আবেদনকারীর বয়স ৩১-১২-২০১৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে প্রতিবন্ধী এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। আবেদনপত্রের সাথে মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লি., বিএআরআই শাখা, জয়দেবপুর, গাজীপুর বরাবর সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযোজন করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যারা নিয়োগের জন্য উপযুক্ত বিবেচিত হবেন শুধুমাত্র তাদেরকেই লিখিত/প্রায়োগিক/সাক্ষাতকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। পদের সংখ্যা নির্ধারণ (হ্রাস/বৃদ্ধিকরণ) এবং নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর বরাবর আগামী ২৮-০২-২০১৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১০। প্রার্থীকে নামের উপর আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।


উপ-পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।

